

মডেল অ্যাস্ট্রিভিটি টাস্ক

অষ্টম শ্রেণি পরিবেশ ও বিজ্ঞান

১. ঠিক উত্তর নির্বাচন করো : ১×৩=৩
- ১.১ আপেক্ষিক তাপের একক হলো—
(ক) ক্যালোরি g °C
(খ) ক্যালোরি / g °C
(গ) ক্যালোরি g / °C
(ঘ) ক্যালোরি °C / g।
- ১.২ গলিত সোডিয়াম ক্লোরাইডের তড়িৎবিশ্লেষণের সময়—
(ক) অ্যানোডে সোডিয়াম উৎপন্ন হয়
(খ) অ্যানোডে বিজারণ ঘটে
(গ) ক্যাথোডে জারণ ঘটে
(ঘ) অ্যানোডে ক্লোরিন গ্যাস উৎপন্ন হয়।
- ১.৩ ডেঙ্গি রোগের জীবাণু বহন করে যে প্রাণী সেটি হলো—
(ক) অ্যানোফিলিস মশা
(খ) কিউলেক্স মশা
(গ) এডিস মশা
(ঘ) বেলেমাছি।
২. ঠিক বাক্যের পাশে ‘✓’ চিহ্ন আর ভুল বাক্যের পাশে ‘✗’ চিহ্ন দাও : ১×৩=৩
- ২.১ অনুঘটক রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না।
২.২ সবুজ চায়ে ভিটামিন K পাওয়া যায়।
২.৩ অপরিশোধিত ময়লা জল সরাসরি মাছ চায়ে ব্যবহার করা হয়।
৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও : ২×৪=৮
- ৩.১ তাপ সঞ্চালনের বিকিরণ পদ্ধতি বলতে কী বোঝায় তা ব্যাখ্যা করো।
৩.২ $\text{CuSO}_4 + \text{Fe} = \text{Cu} + \text{FeSO}_4$ বিক্রিয়াটির ক্ষেত্রে জারণ ও বিজারণ বিক্রিয়া দুটির সমীকরণ লেখো।
৩.৩ ডায়ারিয়া হলে কী কী সমস্যা দেখা দিতে পারে?
৩.৪ মেজের কার্প ও মাইনর কার্পের মধ্যে দুটো পার্থক্য উল্লেখ করো।
৪. তিনটি-চারটি বাক্যে উত্তর দাও : ৩×২=৬
- ৪.১ তিনটি পর্যবেক্ষণ উল্লেখ করো যা থেকে প্রাথমিকভাবে মনে করা যেতে পারে যে কোনো পরিবর্তন রাসায়নিক পরিবর্তন।
৪.২ “রাসায়নিক দমন পদ্ধতিতে ফসল-ধর্বসকারী প্রাণীদের মৃত্যু খুব তাড়াতাড়ি হয়” — তাহলেও এই ধরনের প্রাণীদের মৃত্যু সুনির্শিত করতে জৈবিক দমন পদ্ধতির সাহায্য নেওয়া হয় কেন?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।